

Semester – IV UG (General)

Paper – SEC -2

Literature and History: Bengal

সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর –

১. 'অতীত' ও 'ইতিহাসের অতীত' বলতে কী বোঝ?

পৃথিবী বা জীব জগৎ সৃষ্টির সময় থেকে যে অতীত তৈরি হয় সেটা ইতিহাসের অতীত নয়। আমাদের কাছে এই অতীত হল আদি ও অনন্তকাল। সময়ের বিচারে এর কোন নির্দিষ্ট সময়কাল নেই। এখানে ইতিহাসের অতীত হল ভিন্ন। পৃথিবীতের যে সময় থেকে মানুষ সমাজবদ্ধ হয়েছে বা সমাজ তৈরি করেছে সেই সময় থেকে ইতিহাসের অতীত-এর শুরু। এই ইতিহাসের অতীত-এর সময়কালকে আমরা ধরতে পারি।

২. রমেশচন্দ্র মজুমদার-এর রচিত দুটি গ্রন্থের নাম লেখ।

গ্রন্থগুলি হল - a. Early History of Bengal b. Ancient India

৩. অক্ষয়কুমার মৈত্রেয়-র লেখা দুটি গ্রন্থের নাম উল্লেখ কর।

ক. সমরসিংহ (১৮৮৩)

খ. সিতারামরায় (১৮৯৮)

৪. চন্দু মেনন রচিত দুটি গ্রন্থের নাম লেখ।

মালায়ালম ভাষায় রচিত - ক. ইন্দুলেখা

খ. সারদা

৫. রমণ পিল্লাই-এর রচিত দুটি গ্রন্থের নাম লেখ।

দুটি গ্রন্থ হল - ধর্মরাজা ও রামরাজবাহাদুর

৬. 'ঘরে বাইরে' ও 'চার অধ্যায়' কবে প্রকাশিত হয়।

রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা 'ঘরে বাইরে' উপন্যাস প্রকাশিত হয় ১৯১৬ সালের এবং 'চার অধ্যায়' উপন্যাসটি প্রকাশিত হয় ১৯৩৪ সালে।

৭. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রচিত কয়েকটি উপন্যাসের নাম লেখ।

উপন্যাসগুলি হল - ১. বড়দিদি (১৯১৩), দেবদাস (১৯১৭) ও চরিত্রহীন (১৯১৭)

৮. 'পথের দাবী' উপন্যাস কত সালে প্রকাশিত হয়?

কথা সাহিত্যিক শরৎচন্দ্র চট্টোপাধ্যায়-এর 'পথের দাবী' উপন্যাসটি প্রকাশিত হয় ১৯২৬ সালে।

৯. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়-এর রচিত কয়েকটি উপন্যাসের নাম লেখ।

কয়েকটা উপন্যাস হল - গণদেবতা (১৯৪২), হাঁসুলি বাঁকের উপকথা (১৯৫১), ধাত্রী দেবতা (১৯৩৯) ও পঞ্চগ্রাম (১৯৪৪)

১০. 'হাঁসুলি বাঁকের উপকথা' উপন্যাসের কয়েকটি চরিত্রের নাম লেখ।

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়-এর 'হাঁসুলি বাঁকের উপকথা' (১৯৫১) উপন্যাসের প্রধান চরিত্রগুলি হল - করালি, পরম, বনওয়ালী ও কালোশশী প্রভৃতি।